

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
২৮, শহীদ তাজউদ্দীন আহমেদ সরণি, তেজগাঁও,
ঢাকা - ১২০৮।
সংস্থাপন-১ শাখা
www.dlrs.gov.bd

স্মারক নম্বর:

৩১.০৩.২৬৯২.০০২.১৮.০৬৩.১৪.১৭৬

বিষয়: আন্তর্জাতিক মেশিন রিডেবল পাসপোর্ট করার অনুমতি প্রদানের আবেদন।

তারিখ: ৭ ফাল্গুন ১৪২৪

১৯ ফেব্রুয়ারি ২০১৮

বগুড়া জোনের অধীন দুপচাঁচিয়া উপজেলা সেটেলমেন্ট অফিসের সহকারী সেটেলমেন্ট অফিসার, জনাব মোঃ আরিফুর রহমান পবিত্র হজুরত পালনের জন্য একটি মেশিন রিডেবল পাসপোর্ট প্রাপ্তির আবেদন করেছেন।

০২। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট কর্মকর্তা স্থায়ী পদে কর্মরত আছেন এবং পুলিশ বিভাগের মাধ্যমে তার পূর্ব পরিচয় ও চরিত্র প্রতিপাদিত হয়েছে। তিনি জন্ম গত ভাবে বাংলাদেশের নাগরিক এবং তার বিরুদ্ধে কোন বিরূপ প্রতিবেদন নেই।

০৩। তার আবেদনটি সদয় বিবেচনা পূর্বক তাকে একটি মেশিন রিডেবল পাসপোর্ট করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্ত: ০৬(ছয়) ফর্দ।

১৯-২-২০১৮

তন্ময় দাস

উপপরিচালক (প্রশাসন)

ফোন: ০২-৯১১৪০৭৮

ইমেইল: dda@dlrs.gov.bd

উপ-পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, বগুড়া।

স্মারক নম্বর:

৩১.০৩.২৬৯২.০০২.১৮.০৬৩.১৪.১৭৬/১(৮)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জোনাল সেটেলমেন্ট অফিসার, বগুড়া।

২) জনাব মোঃ আরিফুর রহমান, সহকারী সেটেলমেন্ট অফিসার, উপজেলা সেটেলমেন্ট অফিস, দুপচাঁচিয়া, বগুড়া।

৩) আইসিটি কর্মকর্তা, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর। [ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল]

তারিখ: ৭ ফাল্গুন ১৪২৪

১৯ ফেব্রুয়ারি ২০১৮

১৯-২-২০১৮

তন্ময় দাস

উপপরিচালক (প্রশাসন)

বরাবর,

মহাপরিচালক
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা-১২০৮।

মাধ্যম : যথাযথ কর্তৃপক্ষ।

বিষয় : মেশিন রিডেবল পাসপোর্ট করার জন্য বিভাগীয় অনাপত্তি প্রত্যয়ন (NOC) ফরম অনুমোদনসহ
ওয়েব সাইটে প্রকাশের আবেদন।

মহোদয়,


সবিনয় বিনীত নিবেদন এই যে, আমি বগুড়া জেলার অধীনস্থ দুপচাঁচিয়া উপজেলা সেটেলমেন্ট অফিসে সহকারী সেটেলমেন্ট অফিসার হিসাবে কর্মরত আছি। আমি আগামীতে পবিত্র হজ্জব্রত পালনের জন্য মনস্থির করেছি। কিন্তু আমার বিদেশ ভ্রমণের জন্য পাসপোর্ট নাই বিধায় আমার নতুন মেশিন রিডেবল পাসপোর্ট করা প্রয়োজন। এমতাবস্থায়, আমি মেশিন রিডেবল পাসপোর্ট করার জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত অনাপত্তি প্রত্যয়ন (NOC) ফরম সদয় অনুমোদনসহ ওয়েব সাইটে প্রকাশের জন্য আমার জীবন বৃত্তান্ত নির্ধারিত 'ছকে' পূরণ করে মহোদয় সমীপে আবেদন জানাচ্ছি।

বিধায় প্রার্থনা, আমার মেশিন রিডেবল পাসপোর্ট এর জন্য বিভাগীয় অনাপত্তি প্রত্যয়ন (NOC) ফরম অনুমোদন পূর্বক ওয়েব সাইটে প্রকাশের জন্য মহোদয়ের সদয় মর্জি হয়।

সংযুক্ত : ১) অনাপত্তি প্রত্যয়ন (NOC) ফরম ০২ (দুই) ফর্দ।
২) নির্ধারিত 'ছক' ০২ (দুই) ফর্দ।
৩) চাকুরী স্থায়ী করণের ছায়াকপি ০২ (দুই) ফর্দ।

তারিখ : ২৪/০১/২০১৮ খ্রিঃ।

বিনীত নিবেদক
আপনার অনুগত


(মোঃ আরিফুর রহমান)
সহকারী সেটেলমেন্ট অফিসার
উপজেলা সেটেলমেন্ট অফিস
দুপচাঁচিয়া, বগুড়া।

